

# ঢাকসুতে প্রতিবন্ধীদের জন্য ৮ দফা দাবিতে ছাত্রদল নেতার স্মারকলিপি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংযুক্ত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবন্ধী শিক্ষার্থীদের  
অধিকার ও সুবিধা নিশ্চিতে ৮ দফা দাবি নিয়ে  
উপ-উপাচার্য (প্রশাসন) ড. সায়মা হক বিদিশার  
কাছে একটি স্মারকলিপি পেশ করা হয়েছে।

রবিবার (২২ জুন) প্রতিবন্ধী শিক্ষার্থীদের  
ক্যাম্পাসে সমান অংশগ্রহণ ও মর্যাদাপূর্ণ  
শিক্ষাজীবন নিশ্চিত করতে ঢাকা বিশ্ববিদ্যালয়  
ছাত্রদলের উদ্যোগে ‘কমল মেডিএইড, ঢাবি’  
সংগঠনের প্রতিনিধিরা উপ-উপাচার্যের কার্যালয়ে  
এ স্মারকলিপি জমা দেন। এতে নেতৃত্ব দেন  
ছাত্রদল নেতা শেখ তানভীর বারী হামিম।

স্মারকলিপিতে উপর্যুক্ত দাবিগুলোর মধ্যে রয়েছে

১. ডাকসুতে প্রতিবন্ধী ক্ষমতায়ন সম্পাদক পদ

সৃষ্টি : আগামী ডাকসু নির্বাচনে ‘Disability

Empowerment Affairs Secretary’ পদ

সৃষ্টির মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীদের নেতৃত্ব ও

নীতিনির্ধারণে প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

২. অবকাঠামোগত উন্নয়ন : সকল ইনস্টিউট,

হল ও ফ্যাকাল্টিতে র্যাম্প, ভয়েস রিকগনিশন

লিফটসহ প্রবেশগম্যতা নিশ্চিত করা।

৩. মেডিক্যাল সেন্টারে ছাইলচেয়ার

ব্যবহারকারীদের সেবা : ড. মোর্টজা মেডিক্যাল

সেন্টারে নিচতলায় ছাইলচেয়ার ব্যবহারকারীদের

জন্য আলাদা চিকিৎসা সুবিধা।

৪. প্রশাসনিক সেবা কেন্দ্র : প্রশাসনিক ভবনে

নিচতলায় প্রতিবন্ধীদের জন্য একটি সেবা কেন্দ্র

হ্রাপন।

৫. উপযুক্ত ওয়াশরুম : প্রতিবন্ধী শিক্ষার্থীদের

জন্য নিরাপদ ও বিশেষভাবে ডিজাইনকৃত

ওয়াশরুম নিশ্চিত করা।

## ৬. সচেতনতামূলক সেমিনার : প্রতিবন্ধী

ব্যক্তিদের প্রতি সহানুভূতিশীল আচরণ ও সরঞ্জাম

ব্যবহারের প্রশিক্ষণের জন্য সেমিনার আয়োজন।

## ৭. শিক্ষার্থী পরিচালিত ক্লাব : এনজিও হস্তক্ষেপ

ছাড়া শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত ক্লাব গঠন ও

টিএসসিতে অফিস রুম প্রদান।

## ৮. ফিল ডেভেলপমেন্ট ও উচ্চশিক্ষায় সহযোগিতা

: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং উচ্চশিক্ষায় আর্থিক

ও একাডেমিক সহায়তা।



সোনারগাঁয়ে চাঁদা না দেওয়ায় প্রবাসীকে গুলি করতে  
তেড়ে গেলেন বিএনপি নেতা

স্মারকলিপি প্রদানকালে শেখ তানভীর বারী হামিম

বলেন, ‘প্রতিবন্ধী শিক্ষার্থীদের মৌলিক অধিকার ও

শিক্ষার সুযোগ নিশ্চিত করা বিশ্ববিদ্যালয়ের

দায়িত্ব।

আমাদের দাবিগুলো বাস্তবায়ন হলে ক্যাম্পাসে

একটি অন্তর্ভুক্তিমূলক ও বাধামুক্ত পরিবেশ তৈরি

হবে।’